শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

পবিসমনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
E-mail: dmo.eastbreb@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.১৬৭.৩৩.১৯.৬৫০

তারিখ ঃ ২৪ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ।
০৯ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার
পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪

**বিষয়ঃ <u>প্রলয়ংকরী ঘূর্ণী ঝড় 'বুলবুল' মোকাবেলায় প্রস্তুতি গ্রহণ প্রসঙ্গে।</u>**

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অতি শীঘ্রহ প্রলয়ংকরী ঘূর্ণীঝড় '**বুলবুল**' বাংলাদেশের উপকূলবর্তী জেলাসমূহে আঘাত হানতে পারে। প্রলয়ংকরী ঝড়ের সাথে ব্যাপক জলোচ্ছ্বাসের আশংকা রয়েছে। সেক্ষেত্রে বিদ্যুৎ সরবরাহের জন্য নির্মিত অবকাঠামো সমূহ ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভবনা রয়েছে। এ প্রেক্ষাপটে জানমালের নিরাপত্তা বিধানের লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

(১) <u>দুর্যোগ পূর্ববর্তী সময়ে করণীয়ঃ</u>

(ক) এ বিষয়ে রেডিও/টেলিভিশনে প্রকাশিত সংবাদ সার্বক্ষণিকভাবে পর্যবেক্ষণ করতে হবে;

(খ) জনগনকে সর্তক থাকার লক্ষ্যে মাইকিং, মোবাইল এসএমএস, স্থানীয় ডিস চ্যানেলের মাধ্যমে প্রচার প্রচারণা চালাতে হবে;

(গ) জানমালের নিরাপত্তার রক্ষার্থে সর্বোচ্চ প্রস্তুতি গ্রহণ করতে হবে;

(ঘ) ২৪ (চব্বিশ) ঘন্টা ঝড়ের গতিবিধি পর্যবেক্ষণের লক্ষ্যে এ মূহূর্তে ০১ (এক) টি কন্ট্রোলরুম স্থাপন করতে হবে। সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট নির্ধারণ করে দিতে হবে;

(ঙ) উপকূলবর্তী এলাকায় অবস্থিত সমিতি সমূহ অতীতে সংঘটিত এ ধরনের দুর্যোগের ক্ষেত্রে যে সকল ব্যবস্থা গ্রহণ করেছিল তা বিচার বিশ্লেষণ পূর্বক এখনি কর্মপ্রস্তুতি গ্রহণ করবে;

(চ) যানবাহন সচল রাখতে হবে এবং প্রয়োজনীয় পরিমাণ জ্বালানী তেল সংগ্রহ করে রাখতে হবে;

(ছ) জনবলকে আপদকালীন সময়ে নিরাপদে অবস্থানের নির্দেশনা দিতে হবে;

(জ) সমিতির জেনারেটর প্রয়োজনীয় জ্বালানীসহ সচল রাখতে হবে;

(ঝ) মোবাইল ফোনের ব্যাটারী চার্জড রাখতে হবে যাতে যোগাযোগে বিঘ্ন সৃষ্টি না হয়। মোবাইল অপরেটর টাওয়ারে এবং অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনায় অগ্রাধিকার ভিত্তিতে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে যাতে বাপবিবো সদর দপ্তর, স্থানীয় প্রশাসন এবং সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগের মাধ্যমে সামগ্রিক কাজের সমন্বয় সাধন করা সহজ হয় ;

(ঞ) হারিকেন, কুপি, মোমবাতি, হ্যাজাক বাতি, চার্জার লাইট, দিয়াশলাই ইত্যাদি মজুদ রাখতে হবে;

(ট) এ মূহুর্ত হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত রেড এলার্ট জারী করা হলো এবং জরুরী ও অত্যাবশ্যকীয় সার্ভিস বিবেচনায় সমিতির সকল কর্মকর্তা/কর্মচারীর ছুটি বাতিল করা হলো। সমিতির সকল কর্মকর্তা/কর্মচারী সমন্বয়ে ফিডারভিত্তিক টিম গঠন করে পরিস্থিতি মোকাবেলা করতে হবে;

(ঠ) উপকুলবর্তী এলাকায় অবস্থিত সমিতিসমূহ, প্রকল্প বিভাগ এবং ঠিকাদারের নিকট মজুদকৃত যে সকল মালামাল স্থানান্তর করা সম্ভব তা অতিসত্বর নিরাপদ স্থানে স্থানান্তর পূর্বক সংরক্ষণ করবে;

(ড) কেন্দ্রীয় পন্যাগারসমূহ এবং সকল স্টোর প্রয়োজনীয় জনবলসহ সার্বক্ষণিকভাবে খোলা রাখতে হবে যাতে প্রয়োজন অনুযায়ী দ্রুত মালামাল সরবরাহ নিশ্চিত করা সম্ভব হয়।

(ঢ) প্রতিটি সমিতি কর্তৃক ২০জন করে লাইনক্রু এমনভাবে প্রস্তুত রাখতে হবে যাতে ৩০ মিনিটের নোটিশে তারা দুর্যোগ আক্রান্ত সমিতিতে যাত্রা শুরু (NTM- Notice to Move) করতে পারেন। তাদের জন্য শুকনো খাবার, পানি এবং নগদ অর্থ প্রস্তুত রাখতে হবে;

(ণ) সমিতির কর্মকর্তাগণ স্থানীয় প্রশাসনের সাথে সার্বিক বিষয়ে নিবিড় যোগাযোগ রক্ষা করবেন এবং সাইক্রোন সেন্টারসমূহ পরিদর্শন করে করনীয় নির্ধারণ করবেন।

অঃপৃঃদ্রঃ

(ত) সদস্য (বিতরণ ও পরিচালন), সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীগণ তাদের অধিনস্ত কর্মকর্তা/কর্মচারী ও ঠিকাদারের লোকবলকে সার্বক্ষণিকভাবে প্রস্তুত রাখবে যাতে অতিদ্রুত ক্ষতিগ্রস্থ এলাকায় মালামাল এবং জনবল প্রেরণ করে বৈদ্যুতিক ব্যবস্থা স্বাভাবিক করা সম্ভব হয়।

(২) <u>দুর্যোগকালীন সময়ে করণীয়ঃ</u>

(ক) বাপবিবোর্ডে স্থাপিত নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে সামগ্রিক বিষয়ে সার্বক্ষনিকভাবে পরিস্থিতি মনিটর করা হবে এবং সমিতিসমূহ নিয়ন্ত্রণ কক্ষের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখবে;

(খ) সমিতির সমস্ত জনবলকে সার্বক্ষণিকভাবে সর্তক রাখতে হবে। তাদের করণীয় সম্পর্কে সময়ে সময়ে ব্রিফিং প্রদান করতে হবে;

(গ) দুর্যোগকালীন সময়ে আতঙ্কগ্রস্থ না হয়ে ধৈর্য্য ও সাহসিকতার সাথে দুর্যোগ মোকাবেলার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ছেড়া তার কিংবা ক্ষতিগ্রস্থ বৈদ্যুতিক সরঞ্জামাদি থেকে দূরে থাকার জন্য জনসাধারণকে সতর্ক করতে হবে;

(ঘ) দুর্যোগকালীন সময়ে বিভ্রান্ত হয়ে তাৎক্ষনিক সিদ্ধান্তের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করা যাবে না। তাৎক্ষনিক ভাবে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করা হলে সমগ্র দেশ ব্ল্যাকআউটের কবলে পড়ার আশঙ্কা দেখা দিবে। এ ব্যাপারে এনএলডিসি এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে;

(ঙ) সমিতির সকল পর্যায়ের কর্মকর্তাগন সার্বক্ষণিকভাবে অফিসে কিংবা নিরাপদ স্থানে অবস্থান করে সকল জনবলকে সাহসিকতার সাথে পরিস্থিতি মোকাবেলাসহ দ্রুত বৈদ্যুতিক ব্যবস্থা সচল রাখার যাবতীয় কার্যক্রম গ্রহণ করবে;

(চ) দুর্যোগকালীন সময়ে কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী এবং অন্যান্য লোকবলের জন্য প্রয়োজনীয় শুকনো খাবার, পানি ও নগদ অর্থ প্রস্তুত রাখতে হবে।

(৩) <u>দুর্যোগ পরবর্তী সময়ে করণীয়ঃ</u>

(ক) প্রতিটি সমিতিতে প্রস্তুতকৃত বিশ জন লাইনক্রু নির্দেশনা পাওয়া মাত্র ৩০মিনিটের মধ্যে (NTM- Notice to Move) দুর্যোগপ্রবণ সমিতিতে প্রেরণ করতে হবে;

(খ) দুর্যোগ পরবর্তী পর্যায়ে দ্রুত ক্ষয়ক্ষতি নিরূপন করে বাপবিবোর্ডে প্রতিবেদন প্রেরণ করতে হবে। বিদ্যুৎ ব্যবস্থা পুনর্বহালের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল সমিতির স্টোর এবং কেন্দ্রীয় পন্যাগার কর্তৃক সরবরাহ করা হবে;

(গ) দুর্যোগ পরবর্তী সময়ে দ্রুত লাইন মেরামত করে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ঠিকাদারের লোকবল নিয়োজিত করতে হবে। এ ব্যাপারে সদস্য (বিতরণ ও পরিচালন), সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীগণ সমিতিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন;

(ঘ) সমিতির কর্মকর্তাগণ দুর্যোগ পরবর্তীকালে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ এবং সাইক্লোন সেন্টারসমূহ পরিদর্শন করে করনীয় নির্ধারণ করবেন।

দুর্যোগ মোকাবেলার ক্ষেত্রে পবিস নির্দেশিকা ১০০-৩০ অত্রসাথ প্রেরিত হলো। উক্ত নির্দেশিকা অনুযায়ী দুর্যোগের পূর্বে দুর্যোগকালীন এবং দুর্যোগের পরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

মেজর জেনারেল মঈন উদ্দিন(অবঃ)
চেয়ারম্যান

<u>সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ</u>

১। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী এর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৩। মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪। মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ</u>

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ/উঃ/দঃ/পঃ/পূঃ)/সিঃ অপাঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৩। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/বিতরণ ও পরিচালন/সমিতি ব্যবস্থাপনা/পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবো, ঢাকা।